গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
তিতাস, কুমিল্লা।
www.titas.comilla.gov.bd

## বাংলা ১৪৩১ সনের জন্য সরকারি হাট-বাজার ইজারা বিজ্ঞপ্তি (বিজ্ঞপ্তি নং০১/২০২৪)

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকার ২১/০৯/২০১১ তারিখের ৪৬.০৪১.০৩০.০২.০০.০০২.২০১১-৮৭০ নং স্মারকে জারীকৃত সরকারি হাট-বাজারসমূহের ব্যবস্থাপনা, ইজারা পদ্ধতি এবং উহা হতে প্রাপ্ত আয় বন্টন সম্পর্কিত নীতিমালার আলোকে তিতাস উপজেলাধীন নিম্ন তফসিলভুক্ত হাট-বাজারসমূহ আগামী ১৪৩১ বাংলা সনের ০১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ০১ (এক) বছরে জন্য অস্থায়ী ইজারা প্রদানের নিমিত্ত আরোপিত শর্তসাপেক্ষে ইচ্ছুক দরপত্রদাতাগণের নিকট হতে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী দরপত্র দাখিলের পূর্বদিন পর্যন্ত অফিস চালাকালীন সময়ে জেলা প্রশাসকের কার্যালয়, কুমিল্লা এর স্থানীয় সরকার শাখা, পুলিশ সুপারের কার্যালয়, কুমিল্লা, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, তিতাস, উপজেলা ভূমি অফিস, তিতাস, সোনালী ব্যাংক লিমিটেড, তিতাস শাখা ও তিতাস থানা হতে উল্লিখিত নগদ মূল্যে (অফেরতযোগ্য) দরপত্রের আবেদন ফরম সংগ্রহ করা যাবে। দরপত্র দাখিলের দিন বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত জেলা প্রশাসকের কার্যালয়, কুমিল্লা এর স্থানীয় সরকার শাখা, পুলিশ সুপারের কার্যালয়, কুমিল্লা, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, তিতাস, উপজেলা ভূমি অফিস, তিতাস ও তিতাস থানা এর রক্ষিত বাক্সে গ্রহণ করা । ঐদিন বেলা ৩.০০ ঘটিকায় উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, তিতাস, কুমিল্লায় দরপত্র দাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে। নীতিমালা মোতাবেক কাঙ্খিত দর পাওয়া না গেলে তফসিলে বর্ণিত তারিখসমুহে দরপত্র কার্যক্রম অব্যাহত থাকবে। যে কোন দরপত্র অনুমোদিত হলে সংশ্লিষ্ট বাজারের কার্যক্রম সমাপ্ত হিসেবে গণ্য হবে।

### তফসিল

| ক্র: নং | হাট-বাজারেরনাম | সরকারি মূল্য | সিডিউল মূল্য (অফেরত যোগ্য) | ১ম বার দরপত্র দাখিলের তারিখ | ২য় বার দরপত্র দাখিলের তারিখ | ৩য় বার দরপত্র দাখিলের তারিখ | ৪র্থ বার দরপত্র দাখিলের তারিখ | ৫ম বার দরপত্র দাখিলের তারিখ |
|---|---|---|---|---|---|---|---|---|
| ০১. | বাতাকান্দি গরুর বাজার | ৩৫,৭০,৭৮৬.০০ | ৭,৮০০.০০ | ২২/০২/২০২৪ | ০৪/০৩/২০২৪ | ১১/০৩/২০২৪ | ১৪/০৩/২০২৪ | ২১/০৩/২০২৪ |
| ০২. | বাতাকান্দি তোহা বাজার | ৩৫,৪৭,৮২০.০০ | ৭,৮০০.০০ | ২২/০২/২০২৪ | ০৪/০৩/২০২৪ | ১১/০৩/২০২৪ | ১৪/০৩/২০২৪ | ২১/০৩/২০২৪ |
| ০৩. | আসমানিয়া বাজার | ৯৫,১৬৪.০০ | ৫০০.০০ | ২২/০২/২০২৪ | ০৪/০৩/২০২৪ | ১১/০৩/২০২৪ | ১৪/০৩/২০২৪ | ২১/০৩/২০২৪ |
| ০৪. | কড়িকান্দি বাজার | ১,২৮৬১৪.০০ | ১,০০০.০০ | ২২/০২/২০২৪ | ০৪/০৩/২০২৪ | ১১/০৩/২০২৪ | ১৪/০৩/২০২৪ | ২১/০৩/২০২৪ |
| ০৫. | মাছিমপুর বাজার | ৮৯,৯৫৪.০০ | ৫০০.০০ | ২২/০২/২০২৪ | ০৪/০৩/২০২৪ | ১১/০৩/২০২৪ | ১৪/০৩/২০২৪ | ২১/০৩/২০২৪ |
| ০৬. | জগতপুর বাজার | ১,৬০০.০০ | ৫০০.০০ | ২২/০২/২০২৪ | ০৪/০৩/২০২৪ | ১১/০৩/২০২৪ | ১৪/০৩/২০২৪ | ২১/০৩/২০২৪ |
| ০৭. | লালপুর বাজার | ১৭,০৩০.০০ | ৫০০.০০ | ২২/০২/২০২৪ | ০৪/০৩/২০২৪ | ১১/০৩/২০২৪ | ১৪/০৩/২০২৪ | ২১/০৩/২০২৪ |
| ০৮. | কালির বাজার | ২,৩৭০.০০ | ৫০০.০০ | ২২/০২/২০২৪ | ০৪/০৩/২০২৪ | ১১/০৩/২০২৪ | ১৪/০৩/২০২৪ | ২১/০৩/২০২৪ |
| ০৯. | চরকুমারিয়া বাজার | ১,৬২৫.০০ | ৫০০.০০ | ২২/০২/২০২৪ | ০৪/০৩/২০২৪ | ১১/০৩/২০২৪ | ১৪/০৩/২০২৪ | ২১/০৩/২০২৪ |
| ১০. | সংমেহের বিবির বাজার | ১,১৭,৪৮৫.০০ | ১০০০.০০ | ২২/০২/২০২৪ | ০৪/০৩/২০২৪ | ১১/০৩/২০২৪ | ১৪/০৩/২০২৪ | ২১/০৩/২০২৪ |

**ইজারার শর্তাবলী:**

০১. বাংলা ১৪৩১ সনের ১লা বৈশাখ হতে ১৪৩১ বাংলা ৩০ চৈত্র পর্যন্ত ০১ (এক) বৎসর মেয়াদকালের জন্য হাট-বাজার ইজারা দেওয়া হবে।

০২. দরপত্রদাতাকে দরপত্রের সহিত দরপত্রের উল্লেখিত দরের ৩০%( ত্রিশ ভাগ) হারে অর্থ জামানত হিসেবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার ,তিতাস, কুমিল্লা অনুকুলে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমস্বয় করা হবে। বাকী ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিস্কার না করলে বা অন্য কোন ক্ষতিসাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যার্পণ করা হবে।

০৩. যার দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লেখিত দরের অবশিষ্ট ৭৫% (পচাত্তর ভাগ) অর্থ মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট (মূল্য সংযোজন কর) অবশ্যই একই সঙ্গে দাখিল করতে হবে। অন্যথায় হাট-বাজারের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

০৪. প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারি মূল্যের কম হওয়ায় তাহা হইলে পুণরায় দরপত্র আহবান করা হবে এবং ইজারা প্রদানের কার্যক্রম কাঙ্খিত ইজারা মূল্য না যাওয়া পর্যন্ত অব্যাহত থাকবে।

০৫. এক হাট-বাজারের দরপত্র অন্য হাট-বাজারের দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় অন্তর্ভুক্ত হাট-বাজারের দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না।

০৬. খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা ও হাট-বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

০৭. সরকার অনুমোদিত টোল রেট মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারার নিজ খরচে হাট-বাজারের দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্জ টাঙ্গিয়ে প্রচার করবেন।

০৮. প্রত্যেক হাট-বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামের দরপত্র দাখিল করতে হবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

০৯. ইজারাদার কোনক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লীজ দিতে পারবেন না। যদি অনুরূপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তিপত্রের শর্ত লঙ্ঘন করা হয় তা হলে ইজারা বাতিল বলে গন্য হবে।

১০. ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১১. দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চুড়ান্ত বলে গণ্য হবে।

১২. ইজারাদার নিজ খরচে হাট-বাজার পরিস্কার পরিচ্ছন্ন রাখবেন।

১৩. ইজারা নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করিবেন।

১৪. কোন প্রকার ঘষামাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৫. নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দাখিলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী জমাকৃত অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।

১৬. হাট-বাজারের ইজারার টাকা সরকারি দাবি আদায় আইন, ১৯১৩ এ্যাক্ট অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায়যোগ্য হবে।

১৭. চুক্তিপত্রের কোন শর্ত লংঘন করা হলে ইজারা বাতিল করা হবে।

১৮. হাট-বাজার যেখানে যে অবস্থায় আছে, সে অবস্থায় গ্রহণযোগ্য এবং সরেজমিনে দেখে শুনে নিতে হবে। পরবর্তীতে এ বিষয়ে কোন আপত্তি/ওজর গ্রহণযোগ্য হবে না।

১৯. হাট-বাজারগুলোতে ইজারাকালীন সময়ে সরকারের কোন উন্নয়নমূলক কাজ হলে তাতে কোন প্রতিবন্ধকতা সৃষ্টি করা যাবে না। উন্নয়ন কাজের সময় কোন ক্ষতিসাধন হলে তদবাবদ কোন ক্ষতিপূরণ বা সময় বর্ধিতকরণের জন্য কোন আবেদন নিবেদন করা যাবে না। এ বিষয়ে কোথাও কোন আবেদন নিবেদন করা হলে তা আইনত: অগ্রাহ্য হবে।

২০. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

মোঃ নাজমুল হাসান
উপজেলা নির্বাহী অফিসার
তিতাস, কুমিল্লা।
ফোন: ০৮০৩৬-৫২০১০
ই-মেইল: unotitas1@gmail.com

স্মারক নম্বর: ০৫.২০.১৯৯৪.০০০.৩৪.০০১.২৪-১৯৬/১(৫০)

তারিখ: ২৪ মাঘ, ১৪৩০ বঙ্গাব্দ
০৭ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রিস্টাব্দ

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়)

০১. মাননীয় সংসদ সদস্য, ২৪৯ কুমিল্লা-১ (দাউদকান্দি-তিতাস)।
০২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
০৪. জেলাপ্রশাসক, কুমিল্লা।
০৫. উপপরিচালক, স্থানীয় সরকার, কুমিল্লা।
০৬. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমিল্লা।
০৭. অতিরিক্ত জেলাপ্রশাসক (রাজস্ব), কুমিল্লা।
০৮. সহকারী কমিশনার (ভূমি), তিতাস, কুমিল্লা।
০৯. উপজেলা ------------------------ (সকল) অফিসার, তিতাস, কুমিল্লা। বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।
১০. অফিসার ইনচার্জ, তিতাস থানা, কুমিল্লা।
১১. সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, তিতাস, কুমিল্লা। [তাঁকে উল্লিখিত বিজ্ঞপ্তিটি এ কার্যালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ]।
১২. চেয়ারম্যান, ---------------- (সকল) ইউনিয়ন পরিষদ, তিতাস, কুমিল্লা [তাঁর ইউনিয়নের আওতাধীন হাট-বাজারসমূহে ঢোল শহরতের মাধ্যমে এলাকায় বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণপূর্বক জারীর প্রতিবেদন যথাসময়ে এ অফিসে প্রেরণের অনুরোধসহ]।
১৩. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ------------------- (সকল) ইউনিয়ন ভূমি অফিস, তিতাস, কুমিল্লা [তাঁর ইউনিয়ন ভূমি অফিসের আওতাধীন হাট-বাজারসমূহে ঢোল শহরতের মাধ্যমে এলাকায় বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণপূর্বক জারীর প্রতিবেদন পত্র প্রাপ্তির ০৩(তিন) দিনের মধ্যে এ অফিসে প্রেরণের জন্য অনুরোধ করা হলো]।
১৪. সম্পাদক, --------------------------------------------------। [উপর্যুক্ত বিজ্ঞপ্তিটি (৪ কলাম X ১০ ইঞ্চি সাইজের) তাঁর পত্রিকায় পরবর্তী একটি দিনের সংখ্যায় প্রকাশ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো]।
১৫. জনাব ------------------------------------------------------------------------------------
১৬. অফিসের নোটিশ বোর্ড।

মোঃ নাজমুল হাসান
উপজেলা নির্বাহী অফিসার
তিতাস, কুমিল্লা